# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৭৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ স্ত্রী সহবাসের সময় যে দু'আ পড়লে শয়তান সেই সন্তানের কোন ক্ষতি করতে পারবে না

## ذِكْرُ الشَّيْءِ الَّذِي إِذَا قَالَهُ الْمَرْءُ عِنْدَ الوطء لَمْ يَضُرَّ الشَّيْطَانُ وَلَدَهُ

আরবী

979 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ الشَّيْبَانِيُّ قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا هَمَّامٌ قَالَ: حَدَّثَنَا مَنْصُورٌ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ كُرَيْبٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أَمَا إِنَّ أَحَدَكُمْ لَوْ أَنَّهُ إِذَا أَرَادَ أَنْ يَأْتِيَ أَهْلَهُ قَالَ: بِسْمِ اللَّهِ اللَّهُمَّ جَنِّبْنَا الشَّيْطَانَ وجَنِّبِ الشَّيْطَانَ مَا رَزَقْتَنَا ثُمَّ رُزِقَا وَلَدًا لم يَضُرَّه الشيطان)

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 979 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

৯৭৯. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “জেনে রাখো, তোমাদের কেউ যখন তার স্ত্রী মিলনের ইচ্ছা করবে, তখন যদি সে বলে, بِسْمِ اللَّهِ اللَّهُمَّ جَنِّبْنَا الشَّيْطَانَ وجَنِّبِ الشَّيْطَانَ مَا رَزَقْتَنَا (বিসমিল্লাহ, হে আল্লাহ, আমাদের থেকে শয়তানকে দূরে রাখুন এবং আপনি আমাদের যে সন্তান দান করবেন, তা থেকেও শয়তানকে দূরে রাখুন।) এরপর যদি তাদেরকে সন্তান প্রদান করা হয়, তবে শয়তান তার কোন ক্ষতি করতে পারবে না।”[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী: ৩২৭১; তাবারানী আল কাবীর: ১২১৯৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৩৯৪; মুসনাদ আহমাদ: ১/২১৭; সহীহ মুসলিম: ১৪/৩৪; তিরমিযী: ১০৯২; আবূ দাঊদ: ২১৬১; ইবনু মাজাহ: ১৯১৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৩০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২০১২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89484

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন